অতি জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd

নং-৪৬.০০.০০০০.০৬৩.৪৭.০১৭.১৬- ৯৬

তারিখঃ ০৯ মাঘ ১৪২৩ বঙ্গাব্দ
২২ জানুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে 'নৈতিকতা কমিটি' গঠন প্রসঙ্গে।

সূত্র ঃ মইই উইং, স্থানীয় সরকার বিভাগ হতে প্রাপ্ত পত্র নং-৪৬.০০.০০০০.০৯৩.২৭.০০১.২০১৬-১৬৭, তারিখঃ ১৫/০১/২০১৭।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সূত্রস্থ পত্রটি এতদ্‌সঙ্গে পেরণ করা হ'ল। পত্রের নির্দেশনা মোতাবেক জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সকল পৌরসভায় নৈতিকতা কমিটি গঠন/পুনঃগঠন পূর্বক আগামী ২৯/০১/২০১৭ তারিখের মধ্যে স্থানীয় সরকার বিভাগের এন.আই.এস সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা (জনাব এ.বি.এম আরশাদ হোসেন, অতিরিক্ত সচিব, মইই উইং, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, email-uz1lgd@gmail.com) এর নিকট প্রেরণ করে পৌর-১ শাখাকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

২২/০১/১৭
(মোঃ আবদুর রউফ মিয়া)
উপ সচিব
ফোনঃ ৯৫১৪১৪২

বিতরণ:
মেয়র/প্রশাসক(সকল পৌরসভা)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

০১। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক (অতিরিক্ত সচিব), মইই উইং, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। যুগ্ম-সচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

E:\F Drive\Office work\Letter-17.docx7

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার বিভাগ
পরিচালক (অতিরিক্ত-সচিব),মইই উইং।

ইউ.ও.নোট

বিষয় : জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তায়নের লক্ষ্যে অধিদপ্তর/সংস্থার কার্যালয়ে 'নৈতিকতা কমিটি' গঠন প্রসঙ্গে ।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের শুদ্ধাচার ও প্রশাসনিক সংস্কার শাখার স্মারক নং-০৪.০০.০০০০.৮২১.১৪.০৩৮.১৩.৫৯৬,, তারিখঃ-১১ ডিসেম্বর,২০১৬ ।

বর্ণিত স্মারকে উল্লেখ করা হয়েছে যে, "মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তায়নের লক্ষ্যে ইতোমধ্যে মন্ত্রণালয়/বিভাগ এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহে নৈতিকতা কমিটি গঠনসহ বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/সংস্থার কার্যালয়সমূহের নৈতিকতা কমিটি গঠনের বিষয়ে সুস্পষ্ট কোন নির্দেশনা না থাকায় অধিদপ্তর/সংস্থার কোন কোন কার্যালয়ে নৈতিকতা কমিটি গঠিত হলেও অধিদপ্তর/সংস্থার সকল কার্যালয়ে নৈতিকতা কমিটি গঠন করা হয়নি।

২। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায় নৈতিকতা কমিটির ভুমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কাজেই মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন সকল অধিদপ্তর/সংস্থার কার্যালয়ের জন্য ১টি করে নৈতিকতা কমিটি গঠন করতে হবে। অধিদপ্তর/সংস্থার কার্যালয়সমূহের নৈতিকতা কমিটির গঠন ও কার্যপরিধি হবে নিম্নরূপ:

(ক) কমিটি গঠন/কাঠামো:

অধিদপ্তর/সংস্থাপ্রধান-কে আহ্বায়ক করে এবং অধিদপ্তর/সংস্থাপ্রধান-এর অব্যবহিত পরের পদে কর্মরত কর্মকর্তাদের মধ্যে থেকে ৩/৫ জন কর্মকর্তা/কর্মচারীকে অন্তর্ভুক্ত করে নৈতিকতা কমিটি গঠন করতে হবে। এ কমিটির সদস্য-সচিব হিসাবে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট দায়িত্ব পালন করবেন।

(খ) কার্যপরিধি:

(১) সংশ্লিষ্ট অধিদপ্তর/সংস্থার কার্যালয়ে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিতকরণ;
(২) পারিলক্ষিত অন্তরায় দুরীকরণের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন,বাস্তবায়ন ও পরিবীক্ষণ;
(৩) কর্মপরিকল্পনা বাস্তবায়নের দায়িত্ব কাদের ওপর ন্যস্ত থাকবে,তা নির্ধারণ; এবং
(৪) উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট শুদ্ধাচার বাস্তবানের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ।

(গ) দপ্তর/সংস্থার বিশেষত্ব অনুযায়ী কমিটির কাঠামো ও কার্যপরিধি পরিবর্তন করা যেতে পারে। উল্লেখ্য,পদ্ধতিগত সমরূপতার চাইতে লক্ষ্য অর্জন গুরুত্বপূর্ণ । তবে কমিটির কার্যক্রম জাতীয় শুদ্ধাচার কৌশলের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হওয়া বাঞ্ছনীয়।"

৩। এমতাবস্থায়,তাঁর মন্ত্রণালয়/বিভাগ/প্রতিষ্ঠানের আওতাধীন দপ্তর/সংস্থার কার্যালয়ের নৈতিকতা কমিটি গঠন নিশ্চিতকরণ ও গৃহীত কার্যাবলী পরিবীক্ষণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য বর্ণিত স্মারকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

৪। প্রসঙ্গত উল্লেখ্য যে,মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.২২১.০১৪.০০.০৪.০১৯.২০১০.৪০০,তারিখ- ৪ এপ্রিল,২০১৬ অনুসারে এ বিভাগে নৈতিকতা কমিটি গঠন করা হয়েছে এবং পরবর্তীকালে আওতাধীন সংস্থাসমূহেও নৈতিকতা কমিটি গঠন করা হয়েছে। তারপর সংস্থাসমূহে শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারন করে এ বিভাগে তালিকা প্রেরণ করা হয়েছে। সে মোতাবেক এ বিভাগের এবং আওতাধীন সংস্থাসমূহের পরিবীক্ষণ ছকে প্রয়োজনীয় ত্রৈমাসিক তথ্যাদি সংগ্রহ করা হচ্ছে।

৫। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের উক্তরূপ নির্দেশনার আলোকে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহে (জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ) নৈতিকতা কমিটি গঠন/পুনঃগঠন (কার্যপরিধি উল্লেখপূর্বক) এবং বছরে অন্ততঃ ০৪(চার) বার নৈতিকতা কমিটির সভানুষ্ঠান করা প্রয়োজন। উল্লেখ্য, আওতাধীন সংস্থা হিসাবে সিটি কর্পোরেশসমূহে ইতোমধ্যে কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

বর্ণিতবস্থায়, উপরিউক্তভাবে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহে (জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ) নৈতিকতা কমিটি গঠন/পুনঃগঠন পূর্বক এ বিভাগের এন.আই.এস সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা (জনাব এ.বি.এম আরশাদ হোসেন, অতিরিক্ত সচিব, মইই উইং, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, email-uz1lgd@gmail.com) এর নিকট প্রেরণের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

যুগ্ম সচিব নগর উন্নয়ন-২ এর দপ্তর
স্মারক নং........ তারিখ........
১) পৌর-১ শাখা
২) পৌর-২ শাখা
স্বাক্ষর
যুগ্ম সচিব
স্থানীয় সরকার বিভাগ

(এ.বি.এম.আরশাদ হোসেন)
পরিচালক (অতিরিক্ত সচিব) মইই উইং
স্থানীয় সরকার বিভাগ
ও
ফোকাল পয়েন্ট NIS।

অতিরিক্ত সচিব (প্রশাসন),
স্থানীয় সরকার বিভাগ।
(দৃঃ আঃ-সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-১ শাখা)

স্মারক নং ৪৬.০০.০০০০.০৯৩.২৭.০০১.২০১৬-১৬৭, তারিখ ঃ ১৫/০১/২০১৭ খ্রিঃ

D\others\order

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
শুদ্ধাচার ও প্রশাসনিক সংস্কার শাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮২১.১৪.০৩৮.১৩.৫৯৬

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪২৩ / ১১ ডিসেম্বর ২০১৬

পরিপত্র

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে অধিদপ্তর/সংস্থার কার্যালয়ে 'নৈতিকতা কমিটি' গঠন।

সরকার কর্তৃক ২০১২ সালে জাতীয় শুদ্ধাচার কৌশল অনুমোদিত হয়। উক্ত কৌশল বাস্তবায়নের লক্ষ্যে ইতোমধ্যে মন্ত্রণালয়/বিভাগ এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহে নৈতিকতা কমিটি গঠনসহ বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/সংস্থার কার্যালয়সমূহের নৈতিকতা কমিটি গঠনের বিষয়ে সুস্পষ্ট কোন নির্দেশনা না থাকায় অধিদপ্তর/সংস্থার কোন কোন কার্যালয়ে নৈতিকতা কমিটি গঠিত হলেও অধিদপ্তর/সংস্থার সকল কার্যালয়ে নৈতিকতা কমিটি গঠন করা হয়নি।

২। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন নৈতিকতা কমিটির ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কাজেই মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন সকল অধিদপ্তর/সংস্থার কার্যালয়ের জন্য ১টি করে নৈতিকতা কমিটি গঠন করতে হবে। অধিদপ্তর/সংস্থার কার্যালয়সমূহের নৈতিকতা কমিটির গঠন ও কার্যপরিধি হবে নিম্নরূপ:

(ক) কমিটি গঠন/কাঠামো:

অধিদপ্তর/সংস্থাপ্রধান-কে আহ্বায়ক করে এবং অধিদপ্তর/সংস্থাপ্রধান-এর অব্যবহিত পরের পদে কর্মরত কর্মকর্তাদের মধ্য থেকে ৩/৫ জন কর্মকর্তা/কর্মচারীকে অন্তর্ভুক্ত করে নৈতিকতা কমিটি গঠন করতে হবে। এ কমিটির সদস্য-সচিব হিসাবে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট দায়িত্ব পালন করবেন।

(খ) কার্যপরিধি:

(১) সংশ্লিষ্ট অধিদপ্তর/সংস্থার কার্যালয়ে শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিতকরণ;
(২) পরিলক্ষিত অন্তরায় দূরীকরণে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ;
(৩) কর্মপরিকল্পনা বাস্তবায়নের দায়িত্ব কাদের ওপর ন্যস্ত থাকবে, তা নির্ধারণ; এবং
(৪) ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট শুদ্ধাচার বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ।

(গ) দপ্তর/সংস্থার বিশেষত্ব অনুযায়ী কমিটির কাঠামো ও কার্যপরিধি পরিবর্তন করা যেতে পারে। উল্লেখ্য, পদ্ধতির সমরূপতার চাইতে লক্ষ্য অর্জন গুরুত্বপূর্ণ। তবে কমিটির কার্যক্রম জাতীয় শুদ্ধাচার কৌশলের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হওয়া বাঞ্ছনীয়।

৩। জাতীয় শুদ্ধাচার কৌশল-এর কপি তাঁর মন্ত্রণালয়/বিভাগে ইতঃপূর্বে প্রেরণ করা হয়েছে। এ ছাড়া, মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে (www.cabinet.gov.bd) উক্ত কপি পাওয়া যাবে।

৪। এমতাবস্থায়, তাঁর মন্ত্রণালয়/বিভাগ/প্রতিষ্ঠানের আওতাধীন দপ্তর/সংস্থার কার্যালয়ের নৈতিকতা কমিটি গঠন নিশ্চিতকরণ ও গৃহীত কার্যাবলি পরিবীক্ষণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

(খন্দকার সাদিয়া আরাফিন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৮৫৪৯
ই-মেইল: inar_sec@cabinet.gov.bd

বিতরণ:

১। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক-এর কার্যালয়, কাকরাইল, ঢাকা
২। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব, ... মন্ত্রণালয়/বিভাগ
৩। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, মৎস্য ভবন, রমনা, ঢাকা-১০০০।

সদয় অবগতি ও কার্যার্থে:

১। চেয়ারম্যান/নির্বাহী পরিচালক/মহাপরিচালক, ...
২। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সচিব (সমন্বয় ও সংস্কার) মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। প্রোগ্রামার, মন্ত্রিপরিষদ বিভাগ। উপর্যুক্ত পরিপত্রটি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।